(প্রেস বিজ্ঞপ্তি-১)

সিটি মেয়রের সাথে পিডিবি'র প্রধান প্রকৌশলীর সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম-১৬মার্চ -২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর সাথে পিডিবি চট্টগ্রামের প্রধান প্রকৌশলী দেওয়ান সামিনা বানু চসিক মেয়র দপ্তরে সৌজন্য সাক্ষাত করেন। এসময় মেয়র বলেন নগরীর সড়কগুলো দুই পাশে প্রশস্ত হওয়ার কারণে বিদ্যুতের খুঁটিগুলো সড়কের মাঝখানে চলে এসেছে। এতে যানবাহন চলাচলে যেকোনো সময় বড়ো দূর্ঘটনা ঘটতে পারে। তিনি পোর্ট কানেক্টিং রোডের মাঝখানের বিদ্যুতের খুঁটিগুলো দ্রুত অপসারণের নির্দেশ দেন। মেয়র প্রসঙ্গক্রমে বলেন চট্টগ্রাম নগরীতে অবস্থানরত সেবা সংস্থাগুলো যদি নিজেদের মধ্যে সমন্বয় সাধন করে কাজ করতে পারলে জনদুর্ভোগ অনেকাংশে কমে আসবে। আজ মঙ্গলবার সকালে মেয়র দপ্তরে পিডিবি'র প্রধান প্রকৌশলী সৌজন্য সাক্ষাত করতে এলে মেয়র এসব কথা বলেন। এসময় চসিক অতিরিক্ত হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাস, পিডিবি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ ইমাম হোসেন, শহিদুল ইসলাম মৃধা, মোর্শেদ মন্‌জুরুল ইসলাম, উজ্জ্বল কুমার মোহন্ত, অতিরিক্ত পরিচালক ফরিদুর রহমান, উপ-পরিচালক সালেহ আহমদ। এসময় মেয়র চট্টগ্রামের বিদ্যুত ব্যবস্থাপনা ও উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে জানতে চাইলে পিডিবি'র প্রধান প্রকৌশলী দেওয়ান সামিনা বানু চট্টগ্রামে বিদ্যুতের কোনো লোডশেডিং নেই বলে অবহিত করেন এবং উন্নয়ন কাজের কারণে মাঝে মাঝে বিদ্যুৎ বন্ধ থাকে বলে মেয়রকে জানান।তিনি চট্টগ্রামে ৮৩ কিলোমিটার বিদ্যুৎ লাইন মাটির নীচ দিয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা এবং প্রাথমিকভাবে আগ্রাবাদ -কদমতলী হয়ে এম এ আজিজ স্টেডিয়াম পর্যন্ত কাজ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে মেয়রকে অবহিত করেন। তিনি আরও বলেন ২০০৮সালে যেখানে সারা দেশে বিদ্যুৎ উতপাদন হতো ৮হাজার মেগাওয়াট সেখানে বর্তমানে ২৩ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উতপাদন হচ্ছে। সাক্ষাৎকালে পিডিবি'র প্রধান প্রকৌশলী দেওয়ান সামিনা বানু মেয়রকে ফুলেল শুভেচ্ছা জানান।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

নগরীতে চসিকের প্যাচ ওয়ার্ক কার্যক্রম চলাকালে মেয়র

নাগরিক দুর্ভোগ লাঘবে সকলের সহযোগিতা কাম্য

চট্টগ্রাম-১৬মার্চ -২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর দায়িত্ব গ্রহণের প্রথম ১০০ দিনের মধ্যে নগরীর জনগুরুত্বপূর্ণ সমস্যা সমূহের অগ্রাধিকার ভিত্তিতে নিরসন কল্পে চলমান প্যাচ ওয়ার্ক প্রোগ্রামের ধারাবাহিকতায় আজ মঙ্গলবার বিভিন্ন ওয়ার্ডে কার্যক্রম পরিচালিত হয়। এই কার্যক্রমে অংশ নেন চসিকের প্রকৌশল, পরিচ্ছন্ন, বিদ্যুৎ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও নিয়োজিত জনবল। ওয়াটস আ্যাপে সংযোগের মাধ্যমে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাছ থেকে প্যাচ ওয়ার্ক কার্যক্রমের খোঁজ-খবর নেন এবং এলাকাবাসীর উদ্দেশ্যে বলেন, পরিচ্ছন্নতা, মশক নিধন ও বেহাল সড়ক মেরামত করে দুর্ভোগ লাঘবে সকলের সহযোগিতা কাঙ্ক্ষিত সাফল্য এনে দেবে। সমস্যাগুলো অবগত হওয়া মাত্র তার সমাধান নিশ্চিত করা হবে। তিনি নগরবাসীকে নালা-নর্দমা-খালে আবর্জনা না ফেলতে, পানি চলাচলের পথ উম্মুক্ত রাখতে এবং নিজ উদ্যোগে বাসা-বাড়ি-প্রতিষ্ঠানের আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জ্ঞানিয়ে বলেন, এতে মশা প্রজননের প্রকোপ হ্রাস পাবে। আজ মঙ্গলবার সারাদিন নগরীর জামালখানস্থ প্রেস ক্লাব,ডি সি রোড, মেরিনার্স রোড, বায়েজিদ এলাকা, খুলশী ৩ নং রোড, নয়াবাজার, বির্জাখালের অংশ বিশেষ, চাক্তাই খালের অংশ বিশেষ। নগরীর বিভিন্ন ওয়ার্ডে চসিকের পরিচালিত প্যাচ ওয়ার্কসহ মশক নিধন কার্যক্রম তদারকী করেন প্রকৌশলী ফরহাদুল আলম, প্রকৌশলী আবু ছিদ্দিক, মীর্জা ফজলুল কাদের, প্রকৌশলী তৌহিদুল হাসান, ফরিদ আহমদ, অতিরিক্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, প্রণব শর্মা, হাসান রশিদ প্রমুখ। স্ব-স্ব ওয়ার্ডে প্যাচ ওয়ার্ক ও পরিচ্ছন্ন কার্যক্রম মনিটরিং করেন কাউন্সিলর বৃন্দ।

(প্রেস বিজ্ঞপ্তি-৩)

সিটি মেয়রের সাথে বিএমএ নেতৃবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম-১৬মার্চ -২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, করোনা মহামারিকালে চিকিৎসকরা হলেন সম্মুখ সারির যোদ্ধা। তাদের অক্লান্ত পরিশ্রম ও দেশাত্মবোধ আমাদের মুক্তিযুদ্ধের কথা স্মরণ করিয়ে দেয়। করোনা অতিমারীতে যে সমস্ত চিকিৎসক মৃত্যুবরণ করেছেন তিনি তাদের আত্মার মাগফেরাত কামনা করেন। মেয়র বলেন করোনার দ্বিতীয় ঢেউ আবার চোখ রাঙ্গানো শুরু করেছে। এই অতিমারী থেকে বাঁচতে হলে আমাদের জনসমাগম এড়িয়ে চলে সকল স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে সাথে সাথে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির কাজও চালানো হবে। বিএমএর নেতৃবৃন্দ মশার উপদ্রপের কথা বললে মেয়র মশার ওষুধের কার্যকারিতার বিষয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কীটতত্ত্ববিদদের পরামর্শ নেয়া হচ্ছে জানিয়ে বলেন, তাদের পরামর্শক্রমে মশার ওষুধ ক্রয়ের ব্যবস্থা গ্রহন করা হবে যাতে মশার উপদ্রপ থেকে নগরবাসীকে পরিত্রান দেয়া যায়।আশাকরি কার্যকর মশার ওষুধ ছিটানো হলে নগরবাসী এই উপদ্রপ থেকে পরিত্রান পাবে। আজ মঙ্গলবার বিকেলে মেয়র দপ্তরে ব্এিমএ নেতৃবৃন্দের সাথে মতবিনিময় কালে মেয়র এসব কথা বলেন। এসময় মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম বিএমএর চট্টগ্রামের সভাপতি ডা. মুজিবুর রহমান, সাধারণ সম্পাদক, ডা. ফয়সাল ইকবাল চৌধুরী, কোষাধ্যক্ষ ডা. আরিফুল আমিন চৌধুরী, ডা. হোসেন আহমদ, ডা. প্রণয় কুমার চৌধুরী, ডা. তারিকুল কাদের, ডা. নাফিস, ডা. মুনতাসির, ডা. তন্ময় বড়ুয়া, ডা. দেবাঙ্ক কর সরকার উপস্থিত ছিলেন। সভার শুরুতে বিএমএর নেতৃবৃন্দ মেয়রকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

(প্রেস বিজ্ঞপ্তি-৪)

চসিকের মোবাইল কোর্ট

চট্টগ্রাম-১৬মার্চ -২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে পরিচালিত উচ্ছেদ অভিযান নগরীর ডবলমুরিং থানাধীন এক্সেস রোডের টি এন্ড টি কলোনী সংলগ্ন ফুটপাতে অবৈধভাবে বাজার বসিয়ে জনদুর্ভোগ সৃষ্টি করায় উক্ত বাজারটি উচ্ছেদ করে ফুটপাত অবৈধ দখল মুক্ত করা করা হয়। একই অভিযানে এক্সেস রোডের বেপারী পাড়া ও ছোট পুল এলাকায় ফুটপাতে দোকানের মালামাল রেখে সর্বসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টির দায়ে ০৮ ব্যাক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। আজ মঙ্গলবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

(প্রেস বিজ্ঞপ্তি-৫)

সিটি মেয়রের সাথে ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রতিনিধি দলের সাক্ষাত

চট্টগ্রাম-১৬মার্চ -২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, আজকের শিশুরা আগামী দিনের ভবিষ্যৎ। এই শিশুদের সঠিকভাবে গড়ে তোলা আমাদের নৈতিক দায়িত্ব। তিনি বলেন সমাজের অবহেলিত ঝরে পড়া বস্তির শিশুদের উপ-আনুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে শিক্ষিত করে গড়ে তুলতে সরকার যে পদক্ষেপ গ্রহণ করেছে তা অত্যন্ত প্রশংসনীয়। আজ মঙ্গলবার বিকেলে বাটালিহিলস্থ মেয়র দপ্তরে ঢাকা আহ্ছানিয়া মিশনের প্রতিনিধি দল সাক্ষাত করতে এলে মেয়র এসব কথা বলেন। এসময় মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, ঢাকা আহ্ছানিয়া মিশনের ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানাজার এস. এম কামরুল ইসলাম, থানা ম্যানাজার যথাক্রমে জাহেদুল হাসান, চন্দন কুমার বড়ুয়া, যুগান্তর ও ব্রাইট বাংলাদেশের প্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন। এসময় আহছানিয়া মিশনের ডিস্ট্রিক্ট ম্যানাজার মেয়রকে উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন নগরীর ৪০ টি ওয়ার্ডে ২০০ টি উপ-আনুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় খোলা হবে। এসমস্ত বিদ্যালয়ে শিক্ষাবৃত্তি ড্রেস ও শিক্ষা সামগ্রী বিনামূল্যে বিতরণ করা হবে।

(প্রেস বিজ্ঞপ্তি-৬)

দামপাড়া ষ্টোরে ঝটিকা পরিদর্শনে মেয়র

চট্টগ্রাম-১৬মার্চ -২০২১খ্রি.

আজ মঙ্গলবার বিকেলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী দামপাড়াস্থ স্টোরে মশার ওষুধ সুষ্ঠুভাবে বন্টন ও রক্ষনাবেক্ষন করা হচ্ছে কিনা তা দেখার জন্য ঝটিকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি বলেন, মশক নিধনে যে ওষুধ ছিটানো হচ্ছে তার সর্ব্বোচ্চ গুনগত মান বজায় রেখে মশক নিধন করে নগরাবাসীকে মশার উপদ্রপ থেকে যেন পরিত্রান দেয়া যায় সেদিকে নজর রাখার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। । মেয়র আরো বলেন মশক নিধন অভিযানে কোন ধরনের অবহেলা বা গাফিলতি বর্দাস্ত করা হবে না। তিনি দামপাড়ায় রক্ষিত ওষুধ যথাযথভাবে সংরক্ষন করার জন্যও নির্দেশনা প্রদান করেন। এসময় আলকরণ ওয়ার্ড কাউন্সিলর আব্দুস সালাম মাসুম মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সফিকুল মান্নান সিদ্দিকী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশ, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, নির্বাহী প্রকৌশলী জয়সেন বড়ুয়া, স্পপতি আব্দুলাহ্ আল ওমরসহ অন্যান্য কর্মকর্তবৃন্দ উপস্থিত ছিলেন।

(প্রেস বিজ্ঞপ্তি-৭)

বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী ও
জাতীয় শিশু দিবসে চসিকের অনুষ্ঠান সূচি

চট্টগ্রাম-১৬ মার্চ২০২১খ্রিঃ

জাতরি পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আগামীকাল সুর্যোদয়ের সাথে সাথে সিটি কর্পোরেশনের প্রধান ভবনসহ আঞ্চলিক কার্যালয়, ওয়ার্ড অফিস ও কর্পোরেশন আওতাভুক্ত প্রতিষ্ঠান সমূহে জাতীয় পতাকা ও সিটি কর্পোরেশনের পতাকা উত্তোলন, সকাল সাড়ে ৮টায় টাইগারপাস নগর ভবনস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে সিটি মেয়র মো. রেজাউল করিমের নেতৃত্বে পুস্পমাল্য অর্পণ, ৯ টায় প্রত্যেক ওয়ার্ডস্থ স্বাস্থ্য কেন্দ্রগুলোতে ফ্রি চিকিৎসা সেবা প্রদান এবং সদরঘাটস্থ চসিক জেনারেল হাসপাতালে সিটি মেয়র মো. রেজাউল কমির চৌধুরী কর্তৃক ফ্রি চিকিৎসা সেবা প্রদান কার্যক্রমের উদ্বোধন, ১০ টায় এম.এ আজিজ স্টেডিয়ামস্থ জিমনেসিয়াম চত্বরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, মুজিব কোট পরিহিত ক্ষুদে মুজিবদের ৭ই মার্চের ভাষণ, শিশু উৎসব ও কেক কাটা অনুষ্ঠান, সিটি কর্পোরেশনভুক্ত মসিজদ-মাদ্রাসায় মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত এবং মন্দির গির্জায় বিশেষ প্রার্থনা, দিনব্যাপী নগরীর গুরুত্বপূর্ণ স্থান সমূহে আলোকসজ্জা, এছাড়াও নগরীর বিভিন্ন মোড়ে মোড়ে এলইডি দ্বারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ, মুজিব শতবর্ষের থিম সং, স্বাধীনতা ও বঙ্গবন্ধুকে নিয়ে নির্মিত স্বল্পদৈর্ঘ্য তথ্যচিত্র প্রদর্শন, ড্রপ ওয়াল প্রদর্শন, বেলা ১ টায় এতিম ও দুঃস্থদের মাঝে খাবার বিতরণ, ওয়ার্ড সমূহে মাসব্যাপী বিশেষ কার্যক্রম, ৪১টি ওয়ার্ডে কাউন্সিলরগণ কর্তৃক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ ও অন্যান্য কর্মসূচি, বিভিন্ন স্কুলের অসচ্ছল পরিবারের ছাত্র-ছাত্রীদের শিক্ষা প্রনোদনা সহায়তা প্রদান স্ব-স্ব ওয়ার্ডে এবং ১৮ মার্চ বৃহস্পতিবার সকাল ১০টায় টাইগারপাস এলাকায় বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হবে।

স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩